


গ্রেটার ম্যানচেস্টার পাবলিক হেলথ টিমের পক্ষ থেকে মাবাবা এবং কেয়ারারদের জন্য গুরুত্বপূর্ণ তথ্য।

মিজলস বা হাম



মিজলস বা হাম হচ্ছে পৃথিবীর সবচেয়ে সংক্রামক ব্যাধিগুলোর মধ্যে একটি।
অর্থাৎ এই রোগটি সহজে হয় এবং ছড়িয়ে পড়ে।



এই রোগের দ্বারা মানুষ খুব অসুস্থ হয়ে পড়ে, এমনকি মৃত্যুও ঘটতে পারে।



অন্তঃসত্ত্বা অবস্থায় মিজলস হলে আপনার শিশুর ক্ষতি হতে পারে।

কিন্তু একটি নিরাপদ টিকা রয়েছে যা আপনাকে নিরাপদ রাখতে পারে। এই লিফলেটটি আপনাকে সেটা সম্পর্কে তথ্য দেবে।



হাম কীভাবে ছড়িয়ে পড়ে

যখন কেউ কাশি অথবা হাঁচি দেয় তখন তা বাতাসে ছটিয়ে পড়ে।




এর উপসর্গগুলো কী?

উচ্চ তাপমাত্রা এবং চামড়ায় রাশ অর্থাৎ ফুসকুড়ি



হাম কী কী সমস্যা সৃষ্টি করতে পারে?

এর ফলে প্রাপ্তবয়স্কদের এবং শিশুদের (বারো মাসের কম বয়সের) অন্যান্য সমস্যা হবার বেশি সম্ভাবনা রয়েছে।



কিছু ক্ষেত্রে হাম থেকে বৃক্কের ইনফেকশন, মুর্ছা রোগ, মগজের স্ফীতি এবং ব্রেন ড্যামেজ অর্থাৎ মস্তিষ্কের ক্ষতি হতে পারে।



বাচ্চাদেরকে পাঁচ দিনের জন্য বিছানায় থাকতে এবং দশ দিনের জন্য স্কুল কামাই করতে হতে পারে।



টিকা

আপনাকে স্কুল অথবা আপনার ডাক্তার আপনার বাচ্চাকে টিকা দেয়ার কথা বলবেন। **অনুগ্রহ করে তাদেরকে অনুমতি দেবেন।**



টিকাটির নাম হচ্ছে এমএমআর টিকা। এটা আপনার শিশুকে হাম, মাম্পস এবং রুবেলা থেকে রক্ষা করে।



যে কোনো বয়সে টিকা নেয়া যেতে পারে।

এটা নেয়ার জন্য উপরের দিকে বয়সের কোনো সীমারেখা নেই।

প্রাপ্তবয়স্কদের মধ্যে যাদের সবগুলো টিকা দেয়া হয়নি তারা তাদের জিপির সাথে এটা সম্পন্ন করতে পারেন।



এমএম আর টিকাগুলোর মধ্যে কোনগুলো আপনার নেয়া আছে সে সম্পর্কে নিশ্চিত না থাকলে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে এ সম্পর্কে কথা বলুন।

এনএইচএস এর বক্তব্য অনুযায়ী এই টিকা এবং অটিজমের মধ্যে কোনো সম্পর্ক নেই। সমগ্র বিশ্বব্যাপী এটা নিরাপত্তার সাথে ব্যবহৃত হচ্ছে।



আমাদের হেলথ টিম আপনাকে সাহায্য করতে চায়। দয়া করে তাদের সাথে কথা বলুন এবং আপনার কোন প্রশ্ন থাকলে তাদেরকে জিজ্ঞেস করুন।

আরো জানার জন্য এই ওয়েবসাইট দেখুনঃ

www.nhs.uk/conditions/measles/

